

## বাংলা প্রসার কমিটির বার্ষিক সাধারণ সভা ও কার্যকরী কমিটি গঠিত

**আতিকুর রহমান** ৯ গত ২৪ আগস্ট বাংলা প্রসার কমিটির ১৫তম বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়। সিডনীর মিন্টোস্ট্র দি গ্রানজ পাবলিক স্কুল প্রাঙ্গনে সকালে অনুষ্ঠিত এ বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন ড. স্বপন পাল। শনিবার কমিউনিটি ল্যাণ্ডয়েজ স্কুলের অভিভাবক সহ বিপুল সংখ্যক গনমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিল। বার্ষিক সাধারণ সভায় সাধারণ সম্পাদিকার রিপোর্ট পেশ করেন মিসেস হাসিনা আক্তার মিনি। মিসেস হাসিনা মিনি তার বক্তব্যে বিগত কার্যকরী বৎসরে বাংলা ভাষা স্কুল পর্যায়ে চালুর ঐক্যান্তিক প্রচেষ্টার কথা তুলে ধরেন। তিনি রিপোর্টে ডালগুচ হিলস সেন্টারের পাশাপাশি সিডনীর লিভারপুল এলাকায় নতুন সেন্টার প্রতিষ্ঠা, ওয়ার্কসপ, নতুন ছাত্র-ছাত্রী সংগহের জন্য প্রচার ও প্রকাশনা এবং ওয়েব সাইট প্রকাশসহ সরকারী পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের সাথে সার্থক মতবিনিময়ের কথা তুলে ধরেন। সাধারণ সম্পাদিকার রিপোর্টের উপর বক্তব্য রাখেন বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার প্রথম সভাপতি জনাব নজরুল ইসলাম ও ড. মাকছুদুল বারী। বক্তারা প্রবাসে বাংলা ভাষা রক্ষার্থে স্কুলের ছাত্র-ছাত্রী বৃদ্ধির পাশাপাশি কিছু গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেন। সাধারণ সম্পাদিকা মিসেস হাসিনা আক্তার পরবর্তী কমিটির নেতৃত্বদে সেশুলির প্রতি নজর দিবেন বলে আশা করেন। সংগঠনের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব ব্যাখ্যা করেন কোষাধক্ষ্য ড. আনোয়ারুল ইসলাম বকশী। পরে সভাপতি ড. স্বপন পাল বিগত বৎসরে বাংলা ভাষা স্কুল পর্যায়ে কার্যকরী করার সহযোগিতার জন্য কার্যকরী কমিটির সকল সদস্য, স্কুলের ছাত্র-ছাত্রী, অভিভাবকগন, শিক্ষিকাবৃন্দ, মিডিয়ার কর্মকর্তাবৃন্দসহ সকল শুভাংশীদের আন্তরিক ধন্যবাদ ও ভবিষ্যতেও সহযোগিতার আশা ব্যক্ত করেন। তিনি কমিটি বিলুপ্তি করে নতুন কমিটি গঠনের জন্য ড. দেবশীষ মজুমদারকে নির্বাচন পরিচালনার দায়িত্ব প্রদান করেন। ড. মজুমদার ২০১৪-১৬ সালের জন্য একটি শক্তিশালী কার্যকরী কমিটি গঠনের জন্য মনোনয়ন পত্র দাখিলের আহ্বান করেন। অত্যন্ত দক্ষতা ও বিচক্ষণতার সাথে নির্বাচন কার্যক্রম পরিচালনা করেন। পরে দাখিলকৃত মনোনয়ন পত্র যাচাই-বাছাইয়ের পর অস্ট্রেলিয়াতে এইচ এস সি-তে বাংলা ভাষা চালুর জন্য একটি নির্বাচিত কার্যকরী কমিটির নাম ঘোষণা করেন।

বাংলা প্রসার কমিটির ২০১৪-১৬ সালের কার্যকরী কমিটির সদস্যরা হল:

সভাপতি: ড. রফিকুল ইসলাম

সহ সভাপতি: খায়র-উল-আলম

সাধারণ সম্পাদক- আবুল সরকার

সহ সাধারণ সম্পাদক- এ এইচ এম জি কিবরিয়া

কোষাধক্ষ্য: ড. আনোয়ারুল ইসলাম বকশী

প্রচার সম্পাদক: আতিকুর রহমান

সাংস্কৃতিক সম্পাদক: এ এইচ এম গানিমুল সাদ্দাম

সদস্য বৃন্দ:

ড. মাকছুদুল বারী

ড. স্বপন পাল

এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল

মিসেস হাসিনা আক্তার মিনি

নতুন সভাপতি ড. রফিকুল ইসলাম ও আবুল সরকার প্রবাসে আন্তর্জাতিক মাতৃভাষা বাংলাকে প্রতিষ্ঠিত করার জন্য সংগঠন যে দীর্ঘদিন প্রচেষ্টা করে চলছে তার ধারাবাহিকতাকে আরও বেগবান ও ত্বরিত করার জন্য কমিউনিটির সকল স্তর থেকে সহযোগিতার প্রত্যাশা করেছে। বিশেষ করে মিডিয়া যুগে সকল প্রচার মাধ্যমকে আন্তরিক ধন্যবাদ ও সহযোগিতা কামনা করেছেন। উল্লেখ্য যে, মাল্টিকালচার খ্যাত অস্ট্রেলিয়ায় নিজ নিজ দেশের ভাষা, কৃষ্টি, সংস্কৃতি ও ঐতিহ্য যাতে ধরে রাখতে পারে সে জন্য নিউ সাউথ ওয়েলস সরকার এইচ এস সি তে ল্যাণ্ডয়েজ বিষয়ে পরীক্ষার অংশগ্রহণের ব্যবস্থা করেছে। এ সূর্বণ সুযোগ অনেক উন্নত দেশেই দেখা যায় না। নিউ সাউথ ওয়েলস সরকার কর্তৃক পরিচালিত দি স্যাটারডে স্কুল অব কমিউনিটি ল্যাণ্ডয়েজ এ নিজ নিজ ভাষার উপর প্রতি শনিবার ৭ম শ্রেণী হতে ১২ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষা দেয়া হয়ে থাকে। ডালওচ হিলস ও লিভারপুল স্কুলে বাংলা ভাষার শিক্ষার্থীদের বাংলা ভাষা অভিজ্ঞ শিক্ষক কর্তৃক শিক্ষা প্রদান করা হয়ে থাকে। বাংলা প্রসার কমিটি দীর্ঘদিন প্রচেষ্টার পর এ দুটি স্কুলে কার্যক্রম চালু রাখতে সক্ষম হয়েছে। তবে শিক্ষার্থী কমে গেলে প্রবাসে বাংলা ভাষা রক্ষা করা সম্ভব নাও হতে পারে। ফলে কমিউনিটির সকলের দায়িত্ব বাংলা প্রসার কমিটির এ কার্যক্রমে সক্রিয় সহযোগিতা করা। এ ব্যাপারে বিস্তারিত তথ্য পেতে পারেন ওয়েবসাইট ও কমিটির সদস্যদের নিকট থেকে। [www.banlaprosar.org.au](http://www.banlaprosar.org.au).



